# বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন (বিআইইএ)

**Bangladesh Industrial Engineers' Association (BIEA)**

www.bieabd.com, E-mail: info@bieabd.com


সুত্রঃ বিআইইএ/পলিটেকনিক-দাবি/কেন্দ্রীয় দপ্তর-২৫৫১ তারিখঃ এপ্রিল ১৬, ২০২৫ খ্রি.

## পলিটেকনিক শিক্ষার্থীদের ৬ দফা যৌক্তিক ও সময়োপযোগী দাবি-
## (কারিগরি শিক্ষার মানোন্নয়ন ও ন্যায্য অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে)

বাংলাদেশের পলিটেকনিক ও মনোটেকনিক শিক্ষার্থীদের পক্ষ থেকে উত্থাপিত নিম্নোক্ত ৬ দফা দাবি আমাদের দেশের কারিগরি শিক্ষা ব্যবস্থার মৌলিক উন্নয়ন, স্বচ্ছতা এবং সমতাভিত্তিক অগ্রগতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই দাবিগুলো বাস্তবায়িত হলে দেশের দক্ষ মানবসম্পদ গঠনের পাশাপাশি জাতীয় উন্নয়নও আরও বেগবান হবে।

১। নিয়োগ ও পদোন্নতিতে স্বচ্ছতা ও বৈধতা নিশ্চিতকরণ: জুনিয়র ইনস্ট্রাক্টর পদে অবৈধভাবে পদোন্নতি পাওয়া ক্রাফট ইনস্ট্রাক্টরদের বিষয়ে হাইকোর্টের রায় দ্রুত বাতিল করতে হবে। পাশাপাশি, বিতর্কিত নিয়োগবিধি সংশোধন, ২০২১ সালে রাতারাতি গোপনে নিয়োগপ্রাপ্ত ইনস্ট্রাক্টরদের নিয়োগ বাতিল এবং মামলার সংশ্লিষ্টদের চাকরি থেকে স্থায়ীভাবে অব্যাহতি দিতে হবে।

২। আন্তর্জাতিক মানের কারিকুলাম বাস্তবায়ন: ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে বয়সসীমাবিহীন ভর্তির সুযোগ বাতিল করে উন্নত বিশ্বের অনুসরণে চার বছর মেয়াদি মানসম্পন্ন কারিকুলাম প্রণয়ন করতে হবে। একাডেমিক কার্যক্রম পর্যায়ক্রমে সম্পূর্ণ ইংরেজি মাধ্যমে পরিচালনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। পদসংরক্ষণে অবিচার রোধ: উপসহকারী প্রকৌশলী (১০ম গ্রেড) পদ ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং এবং মনোটেক সার্ভেয়িং পাশ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকা সত্ত্বেও বহু প্রতিষ্ঠান নিম্ন পদে নিয়োগ দিচ্ছে। এসব ক্ষেত্রে দৃষ্টান্তমূলক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। প্রশাসনিক ও শিক্ষাগত পদে কারিগরি যোগ্যতা বাধ্যতামূলক করা: কারিগরি খাতে পরিচালক, সহকারী পরিচালক, বোর্ড চেয়ারম্যান, উপসচিব, পরীক্ষা নিয়ন্ত্রক, অধ্যক্ষসহ সকল পদে অ-কারিগরি পটভূমির জনবল নিয়োগ বন্ধ করতে হবে। এসব পদে কারিগরি শিক্ষায় প্রশিক্ষিত জনবল নিয়োগ এবং শিক্ষক, ল্যাব সহকারীসহ সব শূন্যপদে দ্রুত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

৫। স্বতন্ত্র মন্ত্রণালয় ও সংস্কার কমিশন গঠন: কারিগরি শিক্ষার কাঠামোগত উন্নয়নের জন্য "কারিগরি ও উচ্চশিক্ষা মন্ত্রণালয়" নামে একটি পৃথক মন্ত্রণালয় গঠন এবং দ্রুত সময়ের মধ্যে "কারিগরি শিক্ষা সংস্কার কমিশন" প্রতিষ্ঠা করতে হবে।

৬। উচ্চশিক্ষার সুযোগ ও টেকনিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপন: পলিটেকনিক ও মনোটেকনিক ইনস্টিটিউট থেকে পাশ করা শিক্ষার্থীদের উচ্চশিক্ষার সুযোগ নিশ্চিত করতে একটি উন্নতমানের টেকনিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপন করতে হবে। একইসঙ্গে, নড়াইল, নাটোর, খাগড়াছড়ি ও ঠাকুরগাঁওয়ে নির্মাণাধীন ইঞ্জিনিয়ারিং কলেজগুলোতে অস্থায়ী ক্যাম্পাস গড়ে ডুয়েটের আওতায় শিক্ষাকার্যক্রম চালু করে ২০২৫-২৬ শিক্ষাবর্ষ থেকেই শতভাগ সিটে ভর্তি নিশ্চিত করতে হবে।

ধন্যবাদান্তে,
আপনাদের একান্ত,

প্রকৌশলী মোঃ আকতারুজ্জামান হিরু
মহাসচিব
বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন (বিআইইএ)
মোবাইলঃ ০১৭১৫-৩৬০৫৬৩।

**"অধিকারের প্রশ্নে, আপোষ নয়–কারিগরি শিক্ষার মর্যাদা প্রতিষ্ঠায় অবিচল আমরা"**